

মঠবাড়িয়ায় প্রাথমিক স্কুলের সম্পদ দখলের চেপ্টা ॥ দুই শিক্ষিকাকে ছবি রানীর মতো অবস্থা করার হুমকি

জনকণ্ঠ রিপোর্ট ॥ শিরোজপুর জেলার মঠবাড়িয়ার একটি প্রাথমিক বিদ্যালয় জোট সমর্থক সন্ত্রাসীদের কোপানলে পড়েছে। সন্ত্রাসীরা স্কুলটির সম্পদ দখল করে নেয়ার জন্য ফন্দিফিকির করছে। এতে বাধা দেয়ায় দুই শিক্ষিকাকে হুমকি দিয়ে বলা হয়েছে, 'রামপালের ছবি রানীর মতো অবস্থা করা হবে।' ভীতসন্ত্রস্ত শিক্ষিকা দু'জন থানায় সাধারণ ডায়েরি (জিডি) করেছেন। এতে আরও ক্ষেপেছে সন্ত্রাসীরা। ফলে অনানুষ্ঠানিকভাবে স্কুলটি বন্ধ রাখতে বাধ্য হয়েছে কর্তৃপক্ষ। শিক্ষিকা দু'জনও স্কুলে আসতে ভয় পাচ্ছেন। মঠবাড়িয়া উপজেলা সদর থেকে আট কিলোমিটার দূরে বলেশ্বর নদীর পারে উত্তর বড় মাছুয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়। বিদ্যালয়টির জমি এবং নানা ধরনের ফলজ বৃক্ষের ওপর চোখ পড়েছে বিএনপি সমর্থক তিন

ভাইয়ের। স্কুল প্রাঙ্গণের গাছ থেকে ফল লুটে নেয়ার সময় বাধা দেয়ায় তারা শিক্ষিকা মরিয়ম বেগম এবং আসমা বেগমকে নানা ধরনের কটু কথা বলে ও ভয় দেখায়। এর পর থেকেই সন্ত্রাসীরা শিক্ষিকাদের যেখানে সেখানে উত্যক্ত করতে থাকে। তারা আরও কয়েক দফা স্কুলটির ওপর চড়াও হয়। গত ২৬ সেপ্টেম্বর সন্ত্রাসীরা স্কুলে গিয়ে আবারও শিক্ষিকাদের গালিগালাজ করে এবং তাঁদের অবস্থা রামপালের ছবি রানীর মতো করা হবে বলে হুমকি দেয়। হুমকির মুখে ২৯ সেপ্টেম্বর শিক্ষিকা দু'জন থানায় জিডি করেছেন। উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছেও তাঁরা তাঁদের নিরাপত্তাহীনতার কথা বলেছেন। ৩০ সেপ্টেম্বর এবং ১ অক্টোবর এই দুই শিক্ষিকা স্কুলে যেতে পারেননি। ভয়ে-আতঙ্কে তারা সিটিয়ে আছেন।

অনানুষ্ঠানিকভাবে স্কুল বন্ধ